**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-08-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Governar** :

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি, নাল্লু বলেন মায়ের নামে একটি গাছ লাগানো শুধু প্রতীকী নয়, পরিবেশ রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ ও স্বাস্থ্যকর পৃথিবী গড়ার অঙ্গীকার। গতকাল এডি নগরে ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের আয়োজিত বনমহোৎসব কর্মসূচি প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। রাজ্যপাল বলেন, ২০২৪ সালে বিশ্ব পরিবেশ দিবসে প্রধানমন্ত্রীর সূচনা করা এক পের মাকে নাম এই অভিযান বর্তমানে দেশজুড়ে একটি গণআন্দোলনে পরিণত হয়েছে। পরিবেশের প্রতি আমাদের দায়িত্ব এবং মায়েদের প্রতি শ্রদ্ধা—এই দুই গুরুত্বপূর্ণ ভাবনাকে একসূত্রে যুক্ত করেছে এই উদ্যোগ।

**********************

**CM-Appointment :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে এপর্যন্ত মোট ২২ হাজার ৩৬৫ জনকে সরাসরি নিয়োগ করেছে। তাছাড়া চুক্তির ভিত্তিতে ২৬ হাজার ২২৮ জনকে নিযুক্ত করা হয়েছে। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে নতুন চিকিৎসকদের নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন| অনুষ্ঠানে ৪২ জন নবনিযুক্ত চিকিৎসকের হাতে নিয়োগপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, রাজ্য সরকার সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করছে। স্বাস্থ্য পরিষেবা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, চিকিৎসা পরিষেবার পরিকাঠামোকে আরো শক্তিশালী করাই রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য।

****************

**P.M PRAGATI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, নয়টি রাজ্য জুড়ে বিস্তৃত রেল , সড়ক এবং বিদ্যুৎ ক্ষেত্রে ৩০ হাজার কোটি টাকারও বেশি মূল্যের ছয়টি প্রধান পরিকাঠামোগত প্রকল্প পর্যালোচনা করেছেন। এই প্রকল্পগুলো যোগাযোগ বৃদ্ধি, শিল্প ও অর্থনৈতিক কর্মসূচীর সঙ্গে যুক্ত। যার প্রধান উদ্দেশ্য জনকল্যানে মান উন্নত করা। পর্যালোচনা বৈঠকে, প্রধানমন্ত্রী এসব প্রকল্প সময়মতো শেষ করার উপর বিশেষ জোর দিয়েছেন। বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয় রেখে , স্থগিত থাকা প্রকল্পগুলোর সমস্যা দ্রুত সমাধান করার উপরও জোর দিয়েছেন প্রধানমন্ত্রী। গতকাল সেবা তীর্থে প্রগতি-এর ৫৩তম বৈঠক পরিচালনা করতে গিয়ে প্রধানমন্ত্রী পরিকাঠামোগত মান উন্নয়নে এই সব গুরুত্বের কথা উল্লেখ করেন।

*******************

**Fateha E Doaz Daham:**

আজ ফতেহা -ই- দোয়াজ দাহাম, বা ইদ এ মিলাদুন্নবি। ইসলাম ধর্মের প্রবর্তক ও শেষ নবি হযরত মহম্মদের আবির্ভাব দিবস ।এই দিনেই তাঁর মৃত্যু হয়। এই দিনটির স্মরনে মহানবী হযরত মুহাম্মদ এর পবিত্র জীবন, আদর্শ ও শিক্ষা নিয়ে আলোচনা করা হয়।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই উপলক্ষ্যে দেশবসীকে শুভেচ্ছা জানান |

******************

**UPI Completed 10 years:**

২০১৬ সালে চালু হওয়া ভারতের ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস বা UPI গতকাল ১০ বছর পূর্ণ করল। , ভারতের এই লেনদেন পদ্ধতি দেশ এবং বিদেশে ডিজিটাল পেমেন্ট ব্যবস্থায় আমূল পরিবর্তন নিয়ে এসেছে। বিশ্বে UPI এক অভাবনীয় ব্যপ্তি ও নির্ভরযোগ্যতা অর্জন করেছে৷ এবং বর্তমানে

এই পদ্ধতি বিশ্বের  এগারটি দেশে সফল ভাবে কার্যকর রয়েছে | কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয় থেকে বলা হয়েছে যে ২০১৬-১৭ অর্থবছরে  UPI র মাধ্যমে  বার্ষিক লেনদেন যেখানে  মাত্র এক কোটি ৭৮ লাখ ছিল,  ২০২৫-২৬ সালে সেই লেনদেন বেড়ে হয়েছে ২৪ হাজার ১৬২ কোটি ।এই সময়ে  লেনদেনের পরিমান  সাত হাজার কোটি টাকা থেকে প্রায় ৩১৪ লাখ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে।

********************

**Review meeting :**

গোমতী জেলার বিভিন্ন ফ্ল্যাগশিপ কর্মসূচি ও উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন এবং অগ্রগতি নিয়ে গতকাল  উদয়পুরে অনুষ্ঠিত হয়  পর্যালোচনা বৈঠক। উদয়পুর সার্কিট হাউসে গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া। গোমতী জেলার অভিভাবক বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এবং  উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন। বৈঠকে গোমতী জেলার বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কর্মসূচির বর্তমান অগ্রগতি, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা এবং আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয় | সরকারের বিভিন্ন ফ্ল্যাগশিপ কর্মসূচি ও উন্নয়নমূলক প্রকল্পের সুফল যাতে আরও কার্যকরভাবে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, সেই লক্ষ্যেই এই পর্যালোচনা বৈঠক বলে জানান ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া।

******************

**Review Meeting -**

মৎস্য, প্রানী সম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী শুধাংশু দাস গতকাল  বিলোনিয়া সার্কিট হাউসে দক্ষিণ জেলায় মৎস্য, প্রানী সম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের কাজকর্ম নিয়ে একটি পর্যালোচনা সভা করেন। সভায় গত আর্থিক বছরে ৩ দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করা হয়। একই

সঙ্গে চলতি অর্থ বছরের কাজকর্মের বিষয়েও আলোচনা হয়। সভায় মন্ত্রী শুধাংশু দাস জেলার জন প্রতিনিধিদের দপ্তরগুলির কাজকর্মের তদারকি করার পরামর্শ দেন।

******************

**Veterinary Treatment Camp :**

গবাদি পশুদের চিকিৎসা এবং পশু খাদ্যের সংকট মেটাতে বিশেষ উদ্যোগ নিল অভয়নগর রাজ্য পশু চিকিৎসালয়। গতকাল আগরতলার বলদাখাল এলাকায় প্রাণী চিকিৎসা শিবির ও খাদ্যসামগ্রী বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। বলদাখাল, পশ্চিম চামপামুড়া, কাশিপুর, রেশমবাগান-সহ পার্শ্ববর্তী এলাকার শতাধিক প্রাণীপালক এই কর্মসূচির মাধ্যমে উপকৃত হন। শিবিরে গবাদি পশুদের স্বাস্থ্য পরীক্ষা করার পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ এবং খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

******************

**Rakhal Shield**:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল স্মৃতি শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হল কল্যাণ সমিতি। গতকাল রাতে উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ট্রাইবেকারে ৫ – ৪ গোলে এগিয়ে চলো সংঘকে পরাজিত করেছে কল্যাণ সমিতি। উত্তেজনাপূর্ণ খেলার নির্ধারিত সময়ে দুই দলের গোল শূন্য ছিল।

******************

**Weather.**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের

সম্ভাবনা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.২ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

********************